ঢাকা বিশ্ববিদ্যালয়

‘ক’ ইউনিট

২০১৯-২০২০ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির

ভর্তি নির্দেশিকা

ভর্তি পরীক্ষা : ২০ সেপ্টেম্বর ২০১৯, শুক্রবার, সকাল ১০:০০-১১:৩০ পর্যন্ত

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ‘ক’ ইউনিটের অধীন বিজ্ঞান, জীববিজ্ঞান, ফার্মেসী, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ এবং পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউট, পুষ্টি ও খাদ্যবিজ্ঞান ইনস্টিটিউট, তথ্য প্রযুক্তি ইনস্টিটিউট, ইনস্টিটিউট অব লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট-এ ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা হচ্ছে। স্নাতক (সম্মান) প্রোগ্রামে ফার্মেসী অনুষদে ৫ (পাঁচ) বছর মেয়াদী এবং অন্যান্য অনুষদ ও ইনস্টিটিউট-এ ৪ (চার) বছর মেয়াদী।

বিভিন্ন বিভাগ/ইনস্টিটিউট-এ প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য নির্ধারিত আসন সংখ্যা নিম্নের ছকে উল্লেখ করা হলো (কোটা ব্যতীত):

অনুষদ/ইনস্টিটিউট	ভর্তির বিভাগ/বিষয়	আসন সংখ্যা
বিজ্ঞান অনুষদ	পদার্থ বিজ্ঞান	১৪০
	গণিত	১৩০
	রসায়ন	৯০
	পরিসংখ্যান	৮৮
	ফলিত গণিত	৭০
জীববিজ্ঞান অনুষদ	মৃত্তিকা, পানি ও পরিবেশ	১২০
	উদ্ভিদবিজ্ঞান	৭৫
	প্রাণিবিদ্যা	১০০
	প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান	৬০
	মনোবিজ্ঞান	৫০
	অণুজীব বিজ্ঞান	৪০
	মৎস্য বিজ্ঞান	৪০
	জিন প্রকৌশল ও জীবপ্রযুক্তি	১৭
ফার্মেসী অনুষদ	ফার্মেসী	৬৫

আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদ	ভূগোল ও পরিবেশ	৫০
	ভূতত্ত্ব	৫০
	সমুদ্রবিজ্ঞান	২৫
	দূর্যোগ বিজ্ঞান ও ব্যবস্থাপনা	৩০
ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ	ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং	৭০
	ফলিত রসায়ন ও কেমিকৌশল	৬০
	কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং	৬০
	নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং	২৫
	রোবটিক্স এন্ড মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং	২০
পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউট	ফলিত পরিসংখ্যান	৫০
পুষ্টি ও খাদ্যবিজ্ঞান ইনস্টিটিউট	পুষ্টি ও খাদ্য বিজ্ঞান	৩৫
তথ্য প্রযুক্তি ইনস্টিটিউট	সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং	৩০
লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি ইনস্টিটিউট	লেদার ইঞ্জিনিয়ারিং	৫০
	ফুটওয়্যার ইঞ্জিনিয়ারিং	৫০
	লেদার প্রোডাক্টস ইঞ্জিনিয়ারিং	৫০
শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট	ভৌত বিজ্ঞান বিষয়ক ৩০	৫৫
	জীববিজ্ঞান বিষয়ক ২৫	
	মোট:	১৭৯৫

প্রাথমিক আবেদনপত্র

১। ‘ক’ ইউনিটের অধীনে বিজ্ঞান, জীববিজ্ঞান, ফার্মেসী, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সস এবং ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের অন্তর্ভুক্ত বিভাগ/বিষয়সমূহ, পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউট, পুষ্টি ও খাদ্যবিজ্ঞান ইনস্টিটিউট, তথ্য প্রযুক্তি ইনস্টিটিউট, লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি ইনস্টিটিউট এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট এ ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য ৫ আগস্ট ২০১৯ বিকেল ৪:০০ টা হতে ২৭ আগস্ট ২০১৯ ইং তারিখ রাত ১২:০০ টার মধ্যে অনলাইনে দরখাস্ত করতে হবে।

২। অনলাইনে ভর্তির প্রাথমিক আবেদনের জন্য আবেদনকারীর করণীয়:

ক) ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির ওয়েবসাইট (http://admission.eis.du.ac.bd) এ ভর্তির সাধারণ নির্দেশাবলী থাকবে। উক্ত সাইটে আবেদনকারী ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল ইউনিট-এর ভর্তি সংক্রান্ত নির্দেশিকা, নোটিশ এবং লিঙ্কসমূহ দেখতে পাবে। আবেদন করার পূর্বে ভর্তিসংক্রান্ত নির্দেশিকা ও ওয়েব সাইট নির্দেশিকা ভালো করে পড়তে হবে।

খ) **‘ক’ ইউনিট**-এ ভর্তির আবেদন করার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির ওয়েবসাইট এর **‘আবেদন/লগইন’** বাটনে ক্লিক করতে হবে।

গ) **‘আবেদন/লগইন’** বাটনে ক্লিক করার পর **‘আবেদন/লগইন’** এর তথ্যের পাতায় আবেদনকারীর উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষার রোল নম্বর, পাসের সন ও বোর্ডের নাম এবং **মাধ্যমিক বা সমমানের** পরীক্ষার রোল নম্বর প্রদান করে **“অগ্রসর হোন”** বাটনে ক্লিক করতে হবে এবং পরবর্তী পাতায় আবেদনকারীর উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক পরীক্ষার তথ্যাবলি এবং আবেদনকারী যে সকল ইউনিটে আবেদন করার যোগ্যতা রাখে তা দেখা গেলে **‘নিশ্চিত করছি’** বাটন-এ ক্লিক করতে হবে।

ঘ) আবেদনকারী ইতোমধ্যে কোনো ইউনিটে আবেদন না করে থাকলে ওয়েব সাইটের মাধ্যমে আবেদনকারীর নির্দিষ্ট ফরম্যাটে **ছবি, ব্যক্তিগত মোবাইল নম্বর ও কোটার তথ্য** চাওয়া হবে। তবে যেকোনো ইউনিটে ইতোমধ্যে আবেদন করে থাকলে তথ্যগুলো পুনরায় দিতে হবে না।

ঙ) ছবি এবং অন্যান্য তথ্যাবলি দেয়া হলে পরবর্তী পাতায় সেগুলো নিশ্চিত করতে বলা হবে। নিশ্চিত করার জন্য আবেদনকারীকে যেকোনো মোবাইল অপারেটরের নম্বর থেকে একটি এসএমএস **১৬৩২১** নম্বরে পাঠাতে হবে। এসএমএস-টির ফরম্যাট আবেদনকারী সংশ্লিষ্ট পাতায় দেখতে পাবে। এসএমএস-টি পাঠানো হলে ফিরতি এসএমএস-এ আবেদনকারী ৭ (সাত) অক্ষরের একটি কনফার্মেশন কোড পাবে। সংশ্লিষ্ট কনফার্মেশন কোডটি আবেদনকারী পাতার নির্ধারিত স্থানে দেয়ার পর **'নিশ্চিত করছি'** বাটনে ক্লিক করতে হবে।

চ) সঠিক কনফার্মেশন কোড দেয়া হলে আবেদনের মূলপাতা দেখা যাবে। উক্ত পাতার মাধ্যমে আবেদনকারী **'ক' ইউনিটে** আবেদন করে টাকা জমার রসিদ সংগ্রহ করতে পারবে। এজন্য 'ক' ইউনিটের পাশের **'আবেদন'** বাটনে ক্লিক করতে হবে। **'আবেদন'** বাটনে ক্লিক করার পর উক্ত ইউনিটের **'আবেদন'** বাটনটির স্থানে একটি সবুজ রঙের টিক চিহ্ন দেখা যাবে এবং 'ক' ইউনিটের টাকা জমার রসিদ (পেমেন্ট স্লিপ)-এর ডাউনলোডের লিঙ্ক পাওয়া যাবে। এছাড়া পরবর্তীতে উক্ত পাতা থেকে আবেদনকারী তার আবেদনকৃত সকল ইউনিটের ভর্তি পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ, আসন বিন্যাস, ফলাফল ও অন্যান্য তথ্যসমূহ জানতে পারবে।

ছ) সংশ্লিষ্ট পাতা থেকে 'ক' ইউনিটের টাকা জমার রসিদ (পেমেন্ট স্লিপ) ডাউনলোডের লিঙ্কে ক্লিক করে রসিদটি ডাউনলোড করে প্রিন্ট করে নিতে হবে। পেমেন্ট স্লিপটির দুইটি অংশ থাকবে: উপরেরটি আবেদনকারীর অংশ এবং নিচেরটি ব্যাংকের অংশ।

জ) টাকা জমার রসিদের তথ্যসমূহ ও আবেদনকারীর ছবি সঠিক আছে কিনা যাচাই করে নিতে হবে। এরপর টাকা জমার রসিদের দুইটি অংশেই নির্ধারিত স্থানে আবেদনকারী স্বাক্ষর করে ২৮ আগস্ট **২০১৯ তারিখের** মধ্যে রসিদে উল্লিখিত পরিমাণ টাকা (ভর্তি পরীক্ষার ফি, অনলাইন সার্ভিস ফি ও ব্যাংক চার্জ) দেশের ৪টি রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ব্যাংকের (জনতা, সোনালী, অগ্রণী ও রূপালী) যেকোনো শাখায় গিয়ে ব্যাংক চলাকালীন সময়ে জমা দিতে হবে। ব্যাংক কর্তৃপক্ষ টাকা জমার প্রমাণস্বরূপ টাকা জমার রসিদের আবেদনকারীর অংশ কেটে আবেদনকারীকে ফেরত দিবে।

ঝ) 'ক' ইউনিটে আবেদনকারীর ব্যাংকে টাকা জমা দেয়ার তথ্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে পৌঁছালে ইউনিটের **'পেমেন্ট'** কলামে একটি সবুজ রঙের টিক চিহ্ন দেখা যাবে এবং আবেদনকারী প্রার্থীরা ০৩ সেপ্টেম্বর, ২০১৯ তারিখ অপরাহ্ন ৩:০০টা থেকে ২০ সেপ্টেম্বর ২০১৯ তারিখ (সকাল ৯:০০ টা) এর মধ্যে তার ভর্তি পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ করতে পারবে।

ঞ) প্রবেশপত্রে ভর্তি পরীক্ষার Roll No. ও Serial No. থাকবে। প্রবেশপত্রের নির্দেশাবলিতে উল্লিখিত কাগজপত্র নিয়ে আবেদনকারীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

ট) আবেদনকারী মাধ্যমিক/উচ্চ মাধ্যমিকের যেকোনো একটিতে বা উভয়টিতে IGCSE/O-Level এবং IAL/A-Level অথবা সমমানের বিদেশি সার্টিফিকেটধারী হলে তাদের ডিগ্রির সমতা নিরূপণ (Equivalence) করার পর সমতা নিরূপণ সনদপত্রে উল্লিখিত 'Equivalent ID' মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক রোল নম্বরের স্থানে ব্যবহার করে যথা নিয়মে টাকা জমা দেওয়ার রসিদ সংগ্রহ করতে পারবে।

ঠ) IGCSE/O-Level এবং IAL/A-Level অথবা সমমানের বিদেশি সার্টিফিকেটধারী আবেদনকারীকে Equivalence করার জন্য জীববিজ্ঞান অনুষদের ডিনের অফিস থেকে একটি নির্ধারিত ফর্ম সংগ্রহ করে তা যথাযথভাবে পূরণ করে তার গ্রেডশীট এবং মার্কশীট সমূহের ফটোকপিসহ আবেদন করতে হবে এবং ১০০০/- টাকা সমতা নিরূপণ ফি প্রদান করতে হবে। সমতা নিরূপণের পর আবেদনকারীকে একটি সমতা নিরূপণ সনদপত্র প্রদান করা হবে এবং উক্ত সনদপত্রে Equivalent ID উল্লেখ থাকবে।

ভর্তির ন্যূনতম যোগ্যতা

৩। প্রার্থীকে ২০১৪ থেকে ২০১৭ সাল পর্যন্ত মাধ্যমিক বা সমমান এবং ২০১৯ সালের বাংলাদেশের যেকোনো শিক্ষা বোর্ডের বিজ্ঞান/কৃষিবিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক অথবা মাদ্রাসা বোর্ডের বিজ্ঞান শাখায় আলিম অথবা বিজ্ঞান শাখায় IAL/A-Level বা সমমানের বিদেশি ডিগ্রিধারী হতে হবে এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক (বা সমমানের) গ্রেডভিত্তিক পরীক্ষার প্রতিটিতে পৃথকভাবে ৪র্থ বিষয়সহ ন্যূনতম ৩.৫ জিপিএসহ প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৮.০ হতে হবে। IGCSE/O-Level এবং IAL/A-Level বা বিদেশি ডিগ্রিধারীদের ক্ষেত্রে সমতা নিরূপণকৃত গ্রেড গণনা করতে হবে।

এছাড়া প্রার্থী যে বিভাগে ভর্তি হতে ইচ্ছুক ঐ বিভাগের জন্য নির্ধারিত যোগ্যতা অর্থাৎ নির্দেশিকার ১৫ নং ধারায় উল্লেখিত শর্ত পূরণ করতে হবে।

৪। যে-সকল প্রার্থী ২০১৪ অথবা তার পরে পাসকৃত IGCSE O-Level পরীক্ষায় অন্তত ৫টি বিষয়ে এবং ২০১৯ সালের IAL/A-Level পরীক্ষায় বিজ্ঞানের অন্তত ২টি বিষয়ে উত্তীর্ণ হয়েছে (IGCSE/O-Level এবং IAL/A-Level -এর সর্বশেষ পরীক্ষার সনকে উক্ত পরীক্ষার পাশের বছর হিসেবে ধরা হবে) এবং উপর্যুক্ত ৭টি বিষয়ের মধ্যে যারা ৪টি বিষয়ে অন্তত B গ্রেড, অপর ৩টি বিষয়ে অন্তত C গ্রেড পেয়েছে **(কোন বিষয়েই D গ্রেড গ্রহণযোগ্য নহে)** তাদেরকে এবং অন্যান্য ডিপ্লোমা বা সার্টিফিকেটধারী শিক্ষার্থীগণকে ভর্তি পরীক্ষার জন্য অনলাইনে আবেদনের পূর্বেই সমতা নিরূপনের জন্য, জীববিজ্ঞান অনুষদের ডিন অফিসে প্রয়োজনীয় কাগজপত্র সমতা নিরূপণের জন্য অগ্রণী ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখায় নির্ধারিত ফি ১০০০/- (এক হাজার টাকা) জমা প্রদানের রসিদসহ জমা দিতে হবে। **ডিপ্লোমা বা সার্টিফিকেটপ্রাপ্ত প্রার্থীকে সমতা নিরূপণের জন্য উচ্চ মাধ্যমিকের সমমানের পরীক্ষা পাশের প্রমাণসহ তার উচ্চ মাধ্যমিক পর্যায়ে পঠিত সকল বিষয়ের বিস্তারিত পাঠ্যসূচির** (Syllabus) **অনুলিপি জমা দিতে হবে।** সমতা নিরূপণের সার্টিফিকেটে উল্লিখিত 'Equivalent ID' ব্যবহার করে সাধারণভাবে ভর্তির আবেদন করতে হবে।

ভর্তি পরীক্ষা

৫। ক) ভর্তিচ্ছু সকল প্রার্থীকে 'ক' ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

খ) ভর্তি পরীক্ষা **২০ সেপ্টেম্বর ২০১৯, তারিখ শুক্রবার, সকাল ১০:০০ টায়** অনুষ্ঠিত হবে। **পরীক্ষার মোট সময় ১ ঘন্টা ৩০ মিনিট। পরীক্ষা** MCQ এবং লিখিত উভয় পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। MCQ পরীক্ষা ৫০ মিনিট এবং লিখিত পরীক্ষা ৪০ মিনিটের হবে। ভর্তি পরীক্ষায় কোনো প্রকার Calculator বা তদ্রুপ কিছু ব্যবহার করা যাবে না।

গ) ভর্তি পরীক্ষার মোট নম্বর হবে ১২০ তন্মধ্যে ৭৫ নম্বরের এমসিকিউ (MCQ) এবং ৪৫ নম্বরের লিখিত অংশ থাকবে।

৬। **ভর্তি পরীক্ষায় MCQ এবং লিখিত পরীক্ষার প্রশ্ন উচ্চ মাধ্যমিক পর্যায়ের পাঠ্যসূচি অনুযায়ী হবে** এবং

ক) প্রত্যেক প্রার্থীকে পদার্থবিজ্ঞান ও রসায়নসহ মোট ৪টি বিষয়ের প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতি বিষয়ের জন্য মোট নম্বর ৩০। তন্মধ্যে এমসিকিউ (MCQ) অংশে প্রতি বিষয়ের জন্য ১৮.৭৫ এবং লিখিত পরীক্ষায় প্রতি বিষয়ের জন্য ১১.২৫ বরাদ্দ থাকবে।

খ) প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা হবে এবং তা বিষয়ভিত্তিক সমন্বয় করা হবে।

গ) যে সকল প্রার্থী উচ্চ মাধ্যমিক অথবা সমমানের পর্যায়ে পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত ও জীববিজ্ঞান বিষয়ে অধ্যয়ন করেছে তারা এ সকল বিষয়ে পরীক্ষা দিবে। তবে কোনো প্রার্থী ইচ্ছা করলে শুধুমাত্র উচ্চ মাধ্যমিক পর্যায়ের ৪র্থ বিষয়ের পরিবর্তে বাংলা অথবা ইংরেজি যেকোনো একটি বিষয়ে পরীক্ষা দিতে পারবে।

ঘ) A-Level পর্যায়ে অধ্যয়নকৃত পরীক্ষার্থী পদার্থবিজ্ঞান ও রসায়নসহ অন্য (গণিত/জীববিজ্ঞান/বাংলা/ইংরেজি বিষয়ের মধ্যে) যে কোন দুটি বিষয়ে পরীক্ষা দিয়ে চারটি বিষয় পূর্ণ করবে।

ঙ) একজন প্রার্থী যে ৪টি বিষয়ের প্রশ্নের উত্তর দিবে তার উপর নির্ভর করবে সে কোন বিভাগ/ইনস্টিটিউট এ ভর্তি হতে পারবে। এই নির্দেশিকার ১৬ নং ধারায় বিভিন্ন বিভাগ/ইনস্টিটিউট এ ভর্তির জন্য কী কী বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক এবং বিষয়গুলোতে ভর্তি পরীক্ষায় ন্যূনতম কত নম্বর পেতে হবে তা উল্লেখ করা হয়েছে।

চ) ভর্তি পরীক্ষার মানবন্টন নিম্নরূপ:

I. MCQ পরীক্ষার মান বন্টন:

MCQ অংশে মোট নম্বর ৭৫ (৪টি বিষয়ের উত্তর করতে হবে এবং সময় ৫০ মিনিট)

পদার্থ বিজ্ঞান	(আবশ্যিক)	(১৫ × ১.২৫) = ১৮.৭৫
রসায়ন	(আবশ্যিক)	(১৫ × ১.২৫) = ১৮.৭৫
গণিত		(১৫ × ১.২৫) = ১৮.৭৫
জীববিজ্ঞান		(১৫ × ১.২৫) = ১৮.৭৫
বাংলা		(১৫ × ১.২৫) = ১৮.৭৫
ইংরেজি		(১৫ × ১.২৫) = ১৮.৭৫

II. লিখিত পরীক্ষার মান বন্টন:

লিখিত অংশে মোট নম্বর ৪৫ এবং সময় ৪০ মিনিট। প্রতিটি বিষয়ে মোট নম্বর ১১.২৫। প্রতিটি প্রশ্নের মান ২ থেকে ৫ এর মধ্যে সীমাবদ্ধ থাকবে।

৭। ভর্তি পরীক্ষার MCQ অংশের পাস নম্বর ৩০। উল্লেখ্য, MCQ পরীক্ষায় ৩০ নম্বর পেলেই কেবল লিখিত পরীক্ষার উত্তরপত্রের মূল্যায়নের যোগ্যতা অর্জন করবে। লিখিত পরীক্ষায় পাস নম্বর ১২। তবে MCQ এবং লিখিতসহ মোট **পাস নম্বর ৪৮। যারা ৪৮ এর কম নম্বর পাবে তাদেরকে ভর্তির জন্য বিবেচনা করা হবে না।**

MCQ পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্য থেকে **'ক' ইউনিট** এর মোট আসনের কমপক্ষে ৫ গুণ লিখিত উত্তরপত্র মূল্যায়ন করা হবে।

৮। প্রার্থীকে প্রয়োজনীয় MCQ এবং লিখিত অংশের উত্তরপত্রের ঘর পূরণ করার উপযোগী কালো কালির বলপেন আনতে হবে। প্রত্যেক প্রার্থীকে কেবল একটি MCQ এবং একটি লিখিত পরীক্ষার উত্তরপত্র সরবরাহ করা হবে। অতএব উত্তরপত্র পূরণ করার সময় প্রার্থীদের সতর্কতা অবলম্বন করতে বলা হচ্ছে এবং পূরণ করতে গিয়ে যেকোনো ভুল-ভ্রান্তির দায়-দায়িত্ব প্রার্থীকেই বহন করতে হবে।

৯। উত্তরসমূহে Roll No. ও Serial No. না লিখলে বা ভুল লিখলে বা ঘষামাজা করলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।

১০। পরীক্ষায় কোনো প্রকার ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না । পরীক্ষার হলে প্রার্থীর সঙ্গে ক্যালকুলেটর, মোবাইল ফোন, ব্লু-টুথ বা টেলিযোগাযোগ করা যায় এরূপ যেকোনো প্রকার ডিভাইস সঙ্গে রাখা সম্পূর্ণভাবে নিষিদ্ধ। পরীক্ষার হলে কোনো প্রার্থীর কাছে এরূপ কোনো প্রকার ডিভাইস পাওয়া গেলে, সে ব্যবহার করুক বা না করুক তাকে বহিষ্কার করা হবে।

১১। ভর্তি পরীক্ষার ৪৮ ঘন্টা পূর্বে থেকে বিস্তারিত আসন বিন্যাস ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েব সাইটে (http://admission.eis.du.ac.bd) দেখা যাবে। এছাড়া আবেদনকারী প্রবেশপত্রের নির্দেশনা অনুযায়ী এসএমএস এর মাধ্যমে নিজ নিজ আসন বিন্যাস জানতে পারবে।

১২। পরীক্ষার দিন পরীক্ষা শুরুর নির্ধারিত সময়ের ৩০ মিনিট পূর্বেই পরীক্ষা কেন্দ্রের নির্দিষ্ট আসনে আসন গ্রহণ করতে হবে।

মেধাস্কোর ও মেধাক্রম

১৩। ক) মোট ২০০ নম্বরের **ভিত্তিতে প্রার্থীদের অর্জিত** মেধাস্কোরের ক্রমানুসারে মেধা তালিকা তৈরি করা হবে। এজন্য মাধ্যমিক/O-Level বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত/হিসাবকৃত জিপিএকে ৬ দিয়ে গুণ; উচ্চ মাধ্যমিক/A-Level বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত/হিসাবকৃত জিপিএকে ১০ দিয়ে গুণ করে এই দুইয়ের যোগফল ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সাথে যোগ দিয়ে ২০০ নম্বরের মধ্যে মেধাস্কোর নির্ণয় করে তার ক্রমানুসারে মেধা তালিকা তৈরি করা হবে।

খ) মেধাস্কোর সমান হলে নিম্নলিখিত ক্রমানুসারে মেধাক্রম তৈরি করা হবে :

(১) ভর্তি পরীক্ষায় প্রাপ্ত স্কোর

(২) HSC/সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA without 4th Subject

(৩) HSC/সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA with 4th Subject

(৪) SSC/সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA with 4th Subject

(৫) HSC/সমমানের পরীক্ষায় চারটি বিজ্ঞান বিষয়ে প্রাপ্ত GP এর যোগফল।

গ) O-Level এবং A-Level পরীক্ষায় প্রাপ্ত লেটার গ্রেডের গ্রেড পয়েন্ট নিম্নরূপ ধরে জিপিএ হিসাব করা হবে;

A=5.0 B= 4.0 C=3.5

ঘ) যারা ভর্তি পরীক্ষায় ৪৮-এর কম নম্বর পাবে তাদের মেধাস্কোর হিসাব করা হবে না।

১৪। মেধাস্কোরের ভিত্তিতে নির্ণীত মেধাক্রম অনুযায়ী উত্তীর্ণ প্রার্থীদের মেধা তালিকা ও ফলাফল ভর্তি পরীক্ষার পর ৪ (চার) সপ্তাহের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েব সাইটেও (http://admission.eis.du.ac.bd) পাওয়া যাবে। এছাড়া এসএমএস এর মাধ্যমে ফলাফল জানতে পারবে।

১৫। মেধা তালিকা প্রকাশের তারিখ থেকে পাঁচ কার্য দিবসের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়, কার্জন হল এলাকার অগ্রণী ব্যাংকের

শাখায় ১০০০/- টাকা নিরীক্ষা ফিস জমা দিয়ে জমার রশিদসহ 'ক' ইউনিট প্রধান (**ডিন, বিজ্ঞান অনুষদ**) বরাবর আবেদন করে প্রার্থীর উত্তরপত্র নিরীক্ষা করানো যাবে। নিরীক্ষার ফলে প্রার্থীর অর্জিত নম্বরের পরিবর্তন হলে নিরীক্ষা ফি ফেরৎ দেওয়া হবে এবং মেধা তালিকায় প্রয়োজনীয় সংশোধন করে নেওয়া হবে।

১৬। বিভিন্ন বিভাগে/বিষয়ে ভর্তির ন্যূনতম যোগ্যতা:

অনুষদ/ইনস্টিটিউট	ভর্তির বিভাগ/বিষয়	উচ্চমাধ্যমিক/সমমানের পরীক্ষায় প্রাপ্ত সর্বনিম্ন গ্রেড	ভর্তি পরীক্ষায় নির্দিষ্ট বিষয়ে প্রাপ্ত সর্বনিম্ন নম্বর
বিজ্ঞান অনুষদ	পদার্থ বিজ্ঞান	পদার্থ বিজ্ঞান A এবং গণিত A	পদার্থ বিজ্ঞান 12 এবং গণিত 12
	গণিত	গণিত A	গণিত 12
	রসায়ন	রসায়ন A , গণিত A এবং পদার্থ বিজ্ঞান A	রসায়ন 12
	পরিসংখ্যান	গণিত A	গণিত 15
	ফলিত গণিত	গণিত A এবং পদার্থ বিজ্ঞান A-	গণিত 15
জীববিজ্ঞান অনুষদ	মৃত্তিকা,পানি ও পরিবেশ	রসায়ন B এবং (গণিত B অথবা জীববিজ্ঞান B)	রসায়ন 12
	উদ্ভিদবিজ্ঞান	জীববিজ্ঞান B	জীববিজ্ঞান 12
	প্রাণিবিদ্যা	জীববিজ্ঞান B	জীববিজ্ঞান 14
	প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান	রসায়ন A এবং গণিত A- এবং জীববিজ্ঞান A-	রসায়ন 15 এবং জীববিজ্ঞান 15
	মনোবিজ্ঞান	জীববিজ্ঞান/গণিত	জীববিজ্ঞান/গণিত 13
	অণুজীব বিজ্ঞান	রসায়ন A- এবং (জীববিজ্ঞান A- অথবা গণিত B)	রসায়ন 15 এবং জীববিজ্ঞান 15
	মৎস্য বিজ্ঞান	জীববিজ্ঞান B এবং গণিত B	জীববিজ্ঞান 14
	জিন প্রকৌশল ও জীবপ্রযুক্তি	রসায়ন B, জীববিজ্ঞান B এবং গণিত B	রসায়ন 12 এবং জীববিজ্ঞান 12
ফার্মেসী অনুষদ	ফার্মেসী	রসায়ন A এবং গণিত B এবং জীববিজ্ঞান A-	রসায়ন 15 এবং জীববিজ্ঞান 15
আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদ	ভূগোল ও পরিবেশ	ভূগোল A অথবা পদার্থ বিজ্ঞান B অথবা গণিত B অথবা জীববিজ্ঞান B	পদার্থ বিজ্ঞান 12 অথবা গণিত 12 অথবা জীববিজ্ঞান 12 অথবা রসায়ন 12
	ভূতত্ত্ব	গণিত A এবং পদার্থ বিজ্ঞান B+ এবং রসায়ন B+	গণিত 12 এবং (পদার্থ বিজ্ঞান 12 অথবা রসায়ন 12)
	সমুদ্রবিজ্ঞান	গণিত A ,পদার্থ বিজ্ঞান A, জীববিজ্ঞান A এবং রসায়ন B	গণিত 12 , পদার্থ বিজ্ঞান 12, জীববিজ্ঞান 12 এবং রসায়ন 12
	দুর্যোগ বিজ্ঞান ও ব্যবস্থাপনা	পদার্থ বিজ্ঞান B, গণিত A এবং রসায়ন B	পদার্থ বিজ্ঞান 12, গণিত 12 এবং রসায়ন 12
ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ	ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং	পদার্থ বিজ্ঞান A এবং গণিত A	পদার্থ বিজ্ঞান 12 এবং গণিত 12
	ফলিত রসায়ন ও কেমিকৌশল	রসায়ন A, গণিত A এবং পদার্থ বিজ্ঞান A	রসায়ন 15, গণিত 13 এবং পদার্থ বিজ্ঞান 13
	কম্পিউটার সায়েন্স	পদার্থ বিজ্ঞান B এবং গণিত B	পদার্থ বিজ্ঞান 18 এবং গণিত 18

অনুষদ/ইনস্টিটিউট	ভর্তির বিভাগ/বিষয়	উচ্চমাধ্যমিক/সমমানের পরীক্ষায় প্রাপ্ত সর্বনিম্ন গ্রেড	ভর্তি পরীক্ষায় নির্দিষ্ট বিষয়ে প্রাপ্ত সর্বনিম্ন নম্বর
	এন্ড ইঞ্জিনিয়ারিং		
	নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং	পদার্থ বিজ্ঞান A- এবং গণিত A-	পদার্থ বিজ্ঞান 12 এবং গণিত 12
	রোবটিক্স এন্ড মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং	পদার্থ বিজ্ঞান A, গণিত A	পদার্থ বিজ্ঞান 15, গণিত 15
পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউট	ফলিত পরিসংখ্যান	গণিত A	গণিত 15
পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউট	পুষ্টি ও খাদ্য বিজ্ঞান	রসায়ন B এবং জীববিজ্ঞান B	রসায়ন 12 এবং জীববিজ্ঞান 12
তথ্য প্রযুক্তি ইনস্টিটিউট	সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং	গণিত A এবং পদার্থ বিজ্ঞান A	গণিত 18 এবং পদার্থ বিজ্ঞান 15
ইনস্টিটিউট অব লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি	লেদার ইঞ্জিনিয়ারিং	রসায়ন A এবং গণিত B এবং পদার্থ বিজ্ঞান B	রসায়ন 12
	ফুটওয়্যার ইঞ্জিনিয়ারিং	রসায়ন A এবং গণিত B এবং পদার্থ বিজ্ঞান B	রসায়ন 12
	লেদার প্রোডাক্টস ইঞ্জিনিয়ারিং	রসায়ন A এবং গণিত B এবং পদার্থ বিজ্ঞান B	রসায়ন 12
শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট	ভৌত বিজ্ঞান বিষয়ক	পদার্থ বিজ্ঞান, রসায়ন ও গণিত	পদার্থ বিজ্ঞান 12, রসায়ন 12 এবং গণিত 12
	জীববিজ্ঞান বিষয়ক	পদার্থ বিজ্ঞান, রসায়ন ও জীববিজ্ঞান	পদার্থ বিজ্ঞান 12, রসায়ন 12 এবং জীববিজ্ঞান 12

১৭। মেধা তালিকা প্রকাশের পর নির্দিষ্ট তারিখের মধ্যে অনলাইনে Subject Choice (বিভাগ পছন্দকরণ) ফরম পূরণ করতে হবে। পরবর্তীতে Choice এবং ভর্তি পরীক্ষার মেধাক্রম ও ভর্তির যোগ্যতা অনুসারে বিভাগ বন্টনের তথ্য অনুষদের নোটিশ বোর্ডে দেয়া হবে। উক্ত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটেও (http://admission.eis.du.ac.bd) দেখা যাবে। এ ছাড়া ভর্তিচ্ছুক প্রার্থীকে তার জন্য নির্ধারিত তারিখ অনুযায়ি SSC এবং HSC এর মূল নম্বরপত্রসহ বিজ্ঞান অনুষদ অফিসে উপস্থিত হতে হবে। চূড়ান্তভাবে ভর্তির জন্য মনোনীত প্রার্থীর ক্ষেত্রে SSC এবং HSC এর মূল নম্বরপত্র জমা রাখা হবে।

বিবিধ

১৮। কোনো প্রার্থী অন্যের ছবি/নম্বরপত্র ব্যবহার করলে অথবা অন্য যেকোনো অসদুপায় অবলম্বন করলে তার পরীক্ষা বাতিল এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৯। পরীক্ষায় অসদুপায় অবলম্বনের কোনো রিপোর্ট থাকলে প্রার্থীর পরীক্ষা বাতিল বলে গণ্য হবে ।

২০। ভর্তি প্রক্রিয়ার যেকোনো পর্যায়ে এমন কি ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার পরও ভর্তির জন্য প্রদত্ত তথ্যাদিতে যদি কোনো ভুল ধরা পড়ে অথবা যদি দেখা যায় যে, প্রার্থীর ভর্তির জন্য ন্যূনতম যোগ্যতা নেই, তাহলে প্রার্থীর ভর্তি-পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি এবং/অথবা ভর্তি-পরীক্ষা এবং/অথবা বিভাগ/বিষয়-এ মনোনয়ন বাতিল করা হবে।

২১। ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদেরকে ভর্তি ফরমের সঙ্গে অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রসহ সর্বশেষ যে শিক্ষা প্রতিষ্ঠান থেকে উত্তীর্ণ হয়েছে, সেই প্রতিষ্ঠান প্রধানের প্রশংসাপত্র জমা দিতে হবে। তাছাড়া অভিভাবকের বাৎসরিক আয়ের সনদপত্রও জমা দিতে হবে।

২২। ঢাকা বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর ওয়ার্ড (কেবল ছেলে/মেয়ে/স্বামী/স্ত্রী), মুক্তিযোদ্ধার সন্তান (নাতি-নাতনীসহ), উপজাতি/ক্ষুদ্র নৃগোষ্ঠী, হরিজন ও দলিত সম্প্রদায়, প্রতিবন্ধী (দৃষ্টি, বাক, শ্রবণ ও শারীরিক) ও খেলোয়ার (শুধুমাত্র বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান বিকেএসপি থেকে এইচ.এস.সি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা) কোটায় ভর্তির আবেদনের সুযোগ পাবে। যারা অনলাইনে আবেদন করার সময় কোটায় টিক দিবে এবং ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হবে, কেবল তারাই ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশের পর পুণরায় কোটার জন্য আবেদন করতে পারবে। কোটার সপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র **ভর্তি পরীক্ষার ফল প্রকাশের ৭ দিনের মধ্যে বিজ্ঞান অনুষদের অফিসে** জমা দিতে হবে। ওয়ার্ড কোটার ক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট/অফিস-এর চেয়ারম্যান/পরিচালক/অফিস প্রধানের প্রত্যয়নপত্র, মুক্তিযোদ্ধার সন্তান কোটার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্র, মুক্তিযোদ্ধার নাতি-নাতনী কোটার ক্ষেত্রে প্রার্থীর পিতা-মাতার সংশ্লিষ্ট প্রমাণপত্রসহ, আদিবাসী কোটার ক্ষেত্রে স্ব-স্ব আদিবাসীর প্রধান/জেলা প্রশাসন-এর সনদপত্র, হরিজন ও দলিত সম্প্রদায় কোটার ক্ষেত্রে হরিজন ও দলিত সম্প্রদায় সংগঠন প্রধানের সনদপত্র, প্রতিবন্ধীদের (দৃষ্টি, বাক ও শ্রবণ) ক্ষেত্রে উপর্যুক্ত তার সনদপত্র এবং খেলোয়ার কোটার ক্ষেত্রে বিকেএসপি কর্তৃক প্রদত্ত সনদ জমা দিতে হবে।

২৩। ভর্তি সংক্রান্ত নিয়ম-নীতির যেকোনো ধারা ও উপধারা পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন, সংযোজন ও পুনঃসংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে ।

আবেদনপত্র জমাদানের তারিখ: ০৫ আগস্ট ২০১৯ থেকে ২৭ আগস্ট ২০১৯

পরীক্ষার তারিখ: ২০ সেপ্টেম্বর ২০১৯, শুক্রবার, সকাল ১০:০০-১১:৩০ মিনিট

ফল প্রকাশ: ভর্তি পরীক্ষার ৪ (চার) সপ্তাহের মধ্যে ফলাফল প্রকাশ করা হবে।

'ক' ইউনিটে ভর্তি, সমতা নিরূপন সনদ সংক্রান্ত তথ্যাবলীর জন্য যোগাযোগের ঠিকানা: ডিন অফিস, বিজ্ঞান অনুষদ ঢাকা বিশ্ববিদ্যালয় ফোনঃ ৮৮০-২-৯৬৬১৯০০ এক্স: ৪৩৪৫, ৪৩৫৬	অনলাইনে আবেদনের ক্ষেত্রে ছবি সংক্রান্তসহ যেকোনো তথ্যের জন্য (২৯/০৮/২০১৯ থেকে ০৫/০৯/২০১৯) কেন্দ্রীয় ভর্তি অফিস (কক্ষ নং ২১৪) প্রশাসনিক ভবন, ঢাকা বিশ্ববিদ্যালয় ফোনঃ ৯৬৬৯৯৩৪, ০১৬৩১৯৫৩৮৪৩ ০১৭৭৩২৩৪৪৮৪, ০১৮২২১৩৭৬০১, ০১৯৯৩৯৯২১৪৯